

TDC Odd Semester Exam., 2020  
held in July, 2021

BENGALI  
( Honours )

( 3rd Semester )

Course No. : BNGH-303

( স্বাধীনতা-পরবর্তী বাংলা সাহিত্য—১ )

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাঠ্যসংখ্যা পূর্ণমান নির্দেশক

‘ক’ ও ‘খ’ বিভাগ থেকে কমপক্ষে একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের  
উত্তর দাও। ‘গ’ বিভাগের প্রশ্নের উত্তর বাধ্যতামূলক।

ক—বিভাগ

- ১। ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত  
হয়? সত্যবতীর শাস্ত্রীর নাম কী? সত্যবতীর কন্যার নাম কী?  
‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্ররূপে সত্যবতী  
চরিত্রটি আলোচনা করো।  $1+1+1+11=18$
- ২। ‘নাড়িটেপা বামুন’ কে? ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসে মোট  
কতগুলি পরিচ্ছেদ আছে? ‘প্রথম প্রতিশ্রুতি’ অবলম্বনে  
আশাপূর্ণা দেবীর সমাজচিন্তার পরিচয় দাও।  $1+1+12=18$

- ৩। আশাপূর্ণা দেবীর জন্ম কত সালে? ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসটি  
কত সালে জ্ঞানপীঠ পুরস্কার লাভ করে? আশাপূর্ণা দেবীর  
‘প্রথম প্রতিশ্রুতি’ ব্যতীত অপর একটি উপন্যাসের নাম লেখো।  
‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার  
করো।  $1+1+1+11=18$

খ—বিভাগ

- ৪। ‘বাবরের প্রার্থনা’ কাব্যগ্রন্থে মোট কতগুলি কবিতা রয়েছে? এই  
কাব্যে উল্লিখিত প্রথম কবিতার নাম কী? ঐতিহাসিক ব্যক্তিত্ব  
বাবরের পুত্রের নাম কী? “কবি শঙ্খ ঘোষের কাব্যে অতীত  
ইতিহাসের সমকালীন নবায়ন এক বিশেষ প্রেক্ষিত।” এই  
মন্তব্যের আলোকে ‘বাবরের প্রার্থনা’ কবিতাটি বিশ্লেষণ করো।  
 $1+1+1+11=18$
- ৫। ‘বাবরের প্রার্থনা’ কত সালে কোন্ পুরস্কারে ভূষিত হয়?  
‘মণিকর্ণিকা’ কবিতায় মণিকর্ণিকা কী? ‘মণিকর্ণিকা’ কবিতার  
বক্তব্য-বিষয় সংক্ষেপে আলোচনা করো।  $2+1+11=18$

- ৬। শঙ্খ ঘোষের ‘বাবরের প্রার্থনা’ ছাড়া অন্য যে কোনো একটি  
কাব্যগ্রন্থের নাম লেখো। ‘বাবরের প্রার্থনা’ কাকে উৎসর্গ করা  
হয়? ‘শূন্যের ভিতরে ঢেউ’ কবিতাটি বিশ্লেষণ করে দেখাও যে,  
আলোচ্য কবিতায় কবি শঙ্খ ঘোষ মৃত্যু বা নৈরাশ্যের কথা নয়,  
বরং সংগ্রামময় জীবনের বৈচিত্র্যময়তা ও আশাবাদেরই জয়গান  
করেছেন।  $1+1+12=18$

( 3 )

গ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :  $৪ \times ২ = ৮$

(ক) ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের এলোকেশী চরিত্রের  
সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) নবকুমার চরিত্রটি আলোচনা করো।

(গ) “আজ আমার কথা বলার কথা নয়  
তবু বলি  
দাঁড়িয়ে আছি এই পথের বাঁকে।”  
তাৎপর্য নির্ণয় করো।

(ঘ) ‘আপাতত শান্তিকল্যাণ’ কবিতাটির নামকরণের  
প্রাসঙ্গিকতা সংক্ষেপে আলোচনা করো।

\*\*\*